তারিখ ... 07 APR 2016 ...
পৃষ্ঠা ... ১৬ ... কলাম ... ১৬ ...

সংবাদ

# ঢাকা বিশ্ববিদ্যালয়ে আজ চৈতালী উৎসব

সাংস্কৃতিক বার্তা পরিবেশক

প্রকৃতিতে এখন বাংলা বছরের শেষ মাস 'চৈত্র মাস'। বাংলা বছরের এই শেষ মাস উদযাপন উপলক্ষে এবং নতুন বছরকে স্বাগতম জানানোর জন্য দিনব্যাপী নানা আয়োজন হাতে নিয়েছে প্রাচ্যের অক্সফোর্ড খ্যাত ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি)-এর 'ব্যবসায় শিক্ষা অনুষদ' বিভাগ। 'ব্যবসায় শিক্ষা অনুষদ বিভাগ'-এর 'ট্যুরিজম অ্যান্ড হসপিটালিটি ম্যানেজম্যান্ট' শাখার ইভিনিং এমবিএ-এর 'রিক্রিয়েশন এবং ইভেন্ট ম্যানেজমেন্ট' কোর্সের শিক্ষার্থীদের উদ্যোগে অনুষ্ঠিতব্য এই মেলাতে ঐতিহ্যবাহী পুতুল নাচ, বায়োস্কোপ প্রদর্শনী, দেশীয় নানান খেলা এবং বাংলার ঐতিহ্যবাহী খাবার-সহ নানা আয়োজন থাকবে। এছাড়াও দিনব্যাপী এ আয়োজনে দেশের বিভিন্ন অঞ্চলের ঐতিহ্যবাহী হস্ত শিল্প-মৃৎ শিল্প নানান কুটির শিল্প পণ্য প্রদর্শনী ও বিক্রি ব্যবস্থাও থাকবে। আজ বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় অনুসদ প্রাঙ্গণে সকাল ৯টায় 'চৈতালী উৎসবে সাজাই প্রাচ্যের অক্সফোর্ড' শীর্ষক এই ঐতিহ্যবাহী মেলা শুরু হবে। আর শেষ হবে সন্ধ্যা ৬টায়।

এ উপলক্ষে আজ সকাল ১১টায় অনুষ্ঠিত হবে উদ্বোধনী আয়োজন। এ উদ্বোধনী আয়োজনে প্রধান অতিথি থাকবেন ব্যবসায় অনুষদের ডিন অধ্যাপক শিবলি রুবায়েত উল ইসলাম।

গতকাল বিকেলে বিশ্ববিদ্যালয়ের 'ব্যবসায় শিক্ষা অনুষদ' বিভাগের কনফারেন্স হলে অনুষ্ঠিত এক সংবাদ সম্মেলনে থেকে এসব তথ্য জানান আয়োজনের সঙ্গে সংশ্লিষ্ঠরা। এ সংবাদ সম্মেলনে এ সময় উপস্থিত ছিলেন–এশিয়ান পেইন্টসের-আবদুল্লাহ ইয়াসির, কফি ফ্রম ইস্টের-সংগীতা, টনি খান কুলিনারীর-শেফ

ঢাকা : পৃষ্ঠা : ২ ক : ৪

## ঢাকা : বিশ্ববিদ্যালয়

(১৬ পৃষ্ঠার পর)

টনি খান, অপ্সার-সাদমান এবং রাইট চয়েচ বিডি'র-সানজিদা আক্তার খানম।

তারা আরও বলেন, মেলা প্রাঙ্গণে দেশের বিভিন্ন অঞ্চলের বিভিন্ন ঐতিহ্যবাহী পিঠা-পুলি, হস্ত শিল্প-মৃৎ শিল্প এবং আদিবাসীদের তৈরি বিভিন্ন বিভিন্ন ঐতিহ্যবাহী সামগ্রীতে সাজানো প্রায় ২০ স্টল থাকবে। স্টলগুলোতে এসব পণ্য বিক্রির পাশাপাশি প্রদর্শিত হবে। মেলা প্রাঙ্গণে প্রতি ৩০ মিনিট পর পর অনুষ্ঠিত হবে গেম শো। আর প্রতি এক ঘণ্টা পর পর হবে- পণ্য প্রোমোশনাল ঘোষণা, পুতুল নাচ, বায়োস্কোপ প্রর্দশনী। সন্ধ্যা ৬টায় শেষ হবে দিনব্যাপী এ মেলা।